

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



নং : ১/জেএসসি(নিব:)/৪৪১


তারিখ: ১৬/০৩/২০২০ইং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর ০৫/০৩/২০২০ তারিখের ১/জেএসসি(নিব:)/৪৩৭ স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে বোর্ডের অধিভুক্ত সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক স্কুল এবং স্কুল ও কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে :

- (১) পাঠদানের অনুমতি প্রাপ্ত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক পর্যায়ে যেসকল বিদ্যালয়ের ৮ম এবং ৯ম শ্রেণিতে ১০০ জনের বেশী শিক্ষার্থী রয়েছে কিন্তু শিক্ষা মন্ত্রণালয় এবং বোর্ড কর্তৃক অতিরিক্ত শ্রেণী শাখা খোলার অনুমোদন নাই তাদেরকে অনতিবিলম্বে শাখা/ শিফট খোলার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; অর্থাৎ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের অনুলিপি তালিকাসহ সোনালী সেবার রশিদ জমার নির্ধারিত তারিখে বোর্ডে জমা দিতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ে আবেদনের অনুলিপি শিক্ষার্থীর তালিকার সাথে জমা প্রদান না করা হলে যেসব প্রতিষ্ঠানের ৮ম ও ৯ম শ্রেণিতে ১০০ জনের বেশী শিক্ষার্থী রয়েছে, তাদের অতিরিক্ত শিক্ষার্থীর নিবন্ধন করা হবে না।
- (২) একই সঙ্গে যেসব বিদ্যালয়ের ৮ম এবং ৯ম শ্রেণিতে ১০০ জনের বেশী শিক্ষার্থী রয়েছে কিন্তু যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নাই সেইসব প্রতিষ্ঠানের অতিরিক্ত শিক্ষার্থীদের জেএসসি/এসএসসি পর্যায়ে নিবন্ধনের জন্য চেয়ারম্যান, রাজশাহী শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে অনুমতি নিতে হবে। আবেদন পত্রের সঙ্গে এই মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, ২০২১ সালের জেএসসি এবং এসএসসি নিবন্ধনের পূর্বেই তারা ১০০ জনের অতিরিক্ত শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয় সংখ্যক শাখা/শিফট অনুমোদন নিশ্চিত করবেন। অন্যথায় ২০২১ সাল থেকে ১০০ জনের অতিরিক্ত শিক্ষার্থীর নিবন্ধন করা হবেনা।

ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন  
অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

  
(প্রফেসর দেবশীষ রঞ্জন রায়)  
আইডি নং- ৮৬০১  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।  
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)